

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৮৮

খোয়াই, ১২ জুলাই, ২০২৪

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন-২০২৪  
নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে খোয়াই জেলায় বৈঠক

আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন-২০২৪ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে আজ খোয়াই জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন জেলাশাসক ও সমাহর্তা চান্দনী চন্দ্রনা মহকুমা প্রশাসন ও আরক্ষা প্রশাসনের আধিকারিকদের নিয়ে এই বৈঠকে জেলাশাসক রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুসারে সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন। বৈঠকে উপস্থিত ছিলেন জেলার পুলিশ সুপার ড. রমেশ যাদব, খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক শীর্ষেন্দু দেববর্মা, অতিরিক্ত পুলিশ সুপার প্রবীর পাল এবং জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ।

\*\*\*\*\*